# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd


স্মারক নং- ৫৭.১৬.০০০০.০০৬.৩৩.০০২.২০-৩৯৮ তারিখ: ১০/০২/২০২৬ খ্রিঃ

## ২০২৬ সালে দাখিল (প্রাইভেট) পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন ও ফরমপূরণের জরুরি বিজ্ঞপ্তি

সূত্র: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৫৬.২৬.০০১.২৫.২৩, তারিখ: ০৯/০২/২০২৬ ।

এতদ্দারা উপর্যুক্ত সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ইত:পূর্বে যারা নিয়মিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেনি তাঁদের দাখিল প্রাইভেট পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

অত্র বোর্ডের আওতাধীন **দাখিল পরীক্ষার সকল কেন্দ্রস্থিত** মাদ্রাসা প্রধান ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৬ সালের দাখিল (প্রাইভেট) পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন ও পরীক্ষার ফরমপূরণের প্রক্রিয়া নিম্নেবর্ণিত নির্দেশাবলি অনুসরণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করা যাবে ।

### নির্দেশাবলি

১. শুধুমাত্র ২০২৬ সালে **দাখিল পরীক্ষার কেন্দ্রস্থিত** মাদ্রাসা হতে দাখিল প্রাইভেট রেজিস্ট্রেশন ও পরীক্ষার ফরমপূরণ করা যাবে।

২. ২০২৬ সালের দাখিল প্রাইভেট পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রাইভেট পরীক্ষার্থীদের **বয়স সর্বনিম্ন ১৯ বছর ( ১ লা জানুয়ারী ২০২৬ তারিখে )** ।

৩. **ফি জমাদানের সময়সূচীঃ**

| ক্রমিক | বিষয় | তারিখ |
|---|---|---|
| ক) | রেজিস্ট্রেশন ও পরীক্ষার ফরমপূরণ ফি জমা | ১০/০২/২০২৬ থেকে ২৬/০২/২০২৬ পর্যন্ত |

৪. **আবেদনের সাথে যে সকল কাগজপত্র সংযুক্ত করতে হবে তা নিম্নরূপ:**
ক) মাদ্রাসার প্যাডে রেজিস্ট্রার বরাবর দাখিল (প্রাইভেট) পরীক্ষা-২০২৬ এর রেজিস্ট্রেশন ও ফরমপূরণের জন্য আবেদন;
খ) রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড বরাবর সোনালী ব্যাংকের ২৪১/- টাকা রেজিস্ট্রেশনের জন্য এবং ফরমপূরণের জন্য ১৯২৫/- টাকার পেঅর্ডার;
গ) টটলিস্ট;
ঘ) পাসপোর্ট সাইজের রঙিন ছবি-০২ (দুই) কপি (ছবির পিছনে টটলিস্টের ক্রমিক নং, শিক্ষার্থীর নাম ও মাদ্রাসা প্রধানের সত্যায়ন থাকবে);
ঙ) জন্ম নিবন্ধন কার্ড/জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ।

৫. আবেদনের মূল কপিসহ ০২ (দুই) সেট রেজিস্ট্রেশন শাখায়, আগামী ২৬/০২/২০২৬ খ্রি: তারিখের মধ্যে বোর্ডে এসে হাতে হাতে জমা দিতে হবে **(অনলাইনে আবেদনের সুযোগ নেই) ।**

৬. দাখিল (প্রাইভেট) পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশনের মেয়াদ ০১ (এক) বছর নির্ধারিত (নবায়নযোগ্য নয় ) ।

৭. চাকুরীরত প্রার্থীদের বিজ্ঞপ্তির অন্যান্য শর্ত ঠিক থাকলে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে রেজিস্ট্রেশন ও ফরমপূরণ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

৮. প্রাইভেট পরীক্ষার রেজিস্ট্রেশন ও ফরমপূরনের জন্য যে কোন আবেদনপত্র গ্রহণ ও বাতিলের ক্ষমতা মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৯. ডাকযোগে রেজিস্ট্রেশন ও পরীক্ষার ফরমপূরণ সংক্রান্ত কোন আবেদনপত্র গ্রহণ যোগ্য নয় ।

১০. প্রাইভেট পরীক্ষার্থীগণ শুধুমাত্র সাধারণ ও মুজাব্বিদ শাখায় পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

১১. প্রাইভেট পরীক্ষার্থী অতিরিক্ত বিষয় গ্রহণ করতে পারবে না।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১০.২.২৬


(প্রফেসর ছালেহ্ আহমাদ)
রেজিস্ট্রার
ফোন: ০২-৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd


স্মারক নং- ৫৭.১৬.০০০০.০০৬.৩৩.০০২.২০-৩৯৮ তারিখঃ ১০/০২/২০২৬ খ্রিঃ

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি বিতরণঃ**

১. অতিরিক্ত সচিব (মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
২. পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
৩. সকল কেন্দ্র সচিব দাখিল পরীক্ষা ২০২৬;
৪. সিনিয়র পরামর্শক, কম্পিউটার কেন্দ্র (চুক্তিভিত্তিক), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
৫. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
৬. হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
৭. সহকারী পরিদর্শক, ময়মনসিংহ/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা ও বরিশাল অঞ্চল;
৮. পি.এ.টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
৯. অফিস কপি।

১০।২।২৬


(মো: জিয়াউর রহমান)
উপ-রেজিস্ট্রার (কমন)
ফোন: ০২-২২৩৩৬৫৪০৩
ই-মেইল: drcommon@bmeb.gov.bd


দাখিল প্রাইভেট :আনিছ